দৈনিক ইনকিলাব 274

তারিখ ... AUG. 1 4 1999 ...
পৃষ্ঠা .. ৭ .. কলাম .. ৫

## প্রাথমিক বিদ্যালয়ে সহঃ শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

শিক্ষা জাতির মেরুদণ্ড। তাই জাতিকে উন্নত করতে হলে প্রয়োজন সে জাতিকে শিক্ষিত করে তোলা, আর এই শিক্ষার প্রথম হাতে খড়ি দেয়া হয় প্রাথমিক বিদ্যালয়ে। তাই আমাদের প্রাথমিক শিক্ষার ভিত মজবুত করা প্রয়োজন। আর না হলে এ শিক্ষা অসম্পূর্ণই থেকে যাবে। তাই আমাদের সর্বোপরি গুরুত্ব দিতে হবে একজন আদর্শ মানুষ গড়ার কারিগরকে।

সরকার শিক্ষাকে গুরুত্ব দিয়ে বছর বছরই শিক্ষক নিয়োগ দিচ্ছেন। কিন্তু দুঃখের বিষয় যে, একই শিক্ষা পদ্ধতির আওতায় একই পদে ছেলেদের চাওয়া হয় স্নাতক পাস এবং মেয়েদের চাওয়া হয় মাধ্যমিক পাস। ১টি ডিগ্রী সার্টিফিকেট এবং ১টি মেট্রিক সার্টিফিকেটের মূল্য কিভাবে এক হয় তা আমাদের বোধগম্য হচ্ছে না। একটি ডিগ্রীধারী ছেলে একটি মেট্রিক পাস করা মেয়েদের চেয়ে নিঃসন্দেহে অনেক বেশী জ্ঞানের অধিকারী। সেখানে ছেলেদের এত অবমূল্যায়ন কেন? তারপরও কেউ যদি বলেন, মেয়েরা কম শিক্ষিত হলেও চলে, তারা মায়ের আদরে বাচ্চাদের পড়াবেন তাহলে আমি বলব, প্রাথমিক বিদ্যালয় ১ম ও ২য় শ্রেণী পর্যন্তই সীমাবদ্ধ নয়। তাই উপরের শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পড়ানোর জন্য মায়ের আদরের পাশাপাশি বাবার শাসনেরও দরকার আছে।

এমতাবস্থায় বিষয়টি বিবেচনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি কামনা করছি।

— মহসিন মিয়া,
গ্রাম- মিঠুরকান্দি, পোঃ বাগান বাড়ী, মতলব, চাঁদপুর।